PG EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI
2nd Semester

Course No : BNGCC - 552
(বিশ শতকের বাংলা কবিতা ও নাটক)

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক)
প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) ‘যতীন্দ্রনাথ সেনগুপ্তের স্বনির্বাচিত সংকলন গ্রন্থের নাম কী? কবির বাড়ি কোথায় ছিল? - বাংলা কবিতার তৃতীয় দশক আরেক নবীনতার জন্য উন্মুক্ত হয়ে পড়েছিল, - এই নবীনতার স্পর্শ যতীন্দ্রনাথের কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে তা ‘মরুশিখা’ কাব্যগ্রন্থের কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।

১+১+১২=১৪

২) যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? যতীন্দ্রনাথ সেনগুপ্ত ছদ্মনামে যে স্মৃতিকথা লিখেছিলেন, সেটির নাম কী? কোনো কোনো সমালোচকের মতে, ‘যতীন্দ্রনাথ সেনগুপ্ত পুরাণের নবভাষ্য রচনা করেছেন।’ - এই মন্তব্য পর্যালোচনা প্রসঙ্গে কবির শিব কল্পনার বৈশিষ্ট্য নির্দেশ করো।

১+১+১২=১৪

(Turn Over)

খ-গুচ্ছ

৩) জীবনানন্দের জন্মসাল কত? কলকাতার কোন কলেজে তিনি, কোন বিষয়ে কিছুকাল অধ্যাপনা করেছিলেন? তাঁর 'বনলতা সেন' কবিতায় ইতিহাস চেতনার মৌল উপাদান থাকলেও এটি একটি অন্যতম শ্রেষ্ঠ প্রেমের কবিতা - আলোচনা করো। ১+১+১+১১=১৪

৪) জীবনানন্দের জন্মস্থান কোথায়, তাঁর যে কোনো দু'টো কাব্যগ্রন্থের নাম লেখো। 'জীবনানন্দের কবিতা চিত্ররূপময়' - মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

*-গুচ্ছ

৫) 'সাজাহান' নাটকে সর্বমোট কয়টি অঙ্ক আছে? তৃতীয় অঙ্কের দৃশ্য সংখ্যা উল্লেখ করো। 'সাজাহান' নাটকটি ঐতিহাসিক নাটক হিসেবে কতটুকু সার্থক হয়েছে - নাট্য বিশ্লেষণে তা বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৬) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের প্রথম 'ইতিহাসাশ্রিত' নাটকটির নাম লেখো। দারার পুত্রদ্বয়ের নাম উল্লেখ করো। নাট্যকারের হাতে ঔরঙ্গজেব চরিত্রটি যে ভাবে নির্মিত হয়েছে - তা আলোচনা করো। ১+২+১১=১৪

ঘ- গুচ্ছ

৭) বিজন ভট্টাচার্যের জন্মসাল কত? 'নবান্ন' নাটকের প্রকাশ কাল উল্লেখ করো। 'নবান্ন' নাটকের নামকরণের সার্থকতা নিয়ে আলোচনা করো। ১+১+১২=১৪

৮) 'নবান্ন' নাটক কয়টি অংকে বিভক্ত? বিনোদিনীর স্বামীর নাম কী? ''বিষয়বস্তু,

উপস্থাপনা ও চরিত্র পরিকল্পনায় 'নবান্ন' নাটক অভিনবত্ব দাবি করতে পারে।'' — মন্তব্যটি কতদূর যথার্থ আলোচনা করো। ১+১+১২=১৪

ঙ-গুচ্ছ

৯) বুদ্ধদেব বসু কত সালে কোন নাটকের জন্য 'সাহিত্য আকাদেমি' লাভ করেন? 'প্রথম পার্থ' নাটকে উপস্থাপিত 'কৃষ্ণ' চরিত্রটি বিস্তারিত বিশ্লেষণ করো। ২+১২=১৪

১০) 'প্রথম পার্থ' ছাড়া বুদ্ধদেব বসুর লেখা আরো দুটি নাটকের নাম লেখো। কাব্য নাটক হিসেবে 'প্রথম পার্থ' নাটকের সার্থকতা আলোচনা করো। ২+১২=১৪

★★★